41

দৈনিক ইত্তেফাক

তারিখ 09 AUG 1996
পৃষ্ঠা ১ কলাম ৮

# ছাত্রীরাই ভালো করিয়াছে

ইত্তেফাক রিপোর্ট ॥ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ডিগ্রী পরীক্ষার মেধা তালিকায় ছাত্রদের চাইতে ছাত্রীরাই শ্রেষ্ঠত্ব অর্জন করিয়াছে। বিএ, বি এস এস, বি কম এবং বি এস সি

(১১শ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## ছাত্রীরাই

(১ম পৃঃ পর)

পরীক্ষায় মেধাস্থান অধিকারী ৩৪ জনের মধ্যে ২০ জনই ছাত্রী। বিএ পরীক্ষায় প্রথম হইতে ১০ম স্থান একক এবং যুগ্মভাবে দখল করিয়াছে ১২ জন। তন্মধ্যে ৭ জনই ছাত্রী। বিকম পরীক্ষায় প্রথম হইতে ৮ম স্থান দখল করিয়াছে একক এবং যুগ্মভাবে মোট ৯ জন। তন্মধ্যে ৫ জনই ছাত্রী। বি এস সি পরীক্ষায় এক হইতে ১০ম স্থান একক এবং যুগ্মভাবে দখল করিয়াছে ১২ জন। তন্মধ্যে ৮ জনই ছাত্রী। ডিগ্রী পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী অপেক্ষা অনিয়মিত অর্থাৎ প্রাইভেট পরীক্ষার্থীর পারফরমেন্স বেশ ভাল। বিএ পরীক্ষায় মেধা তালিকায় প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় তিনজনই প্রাইভেট পরীক্ষার্থী।